গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ “জয়পুরহাট জেলার তুলশীগঙ্গা, ছোট যমুনা, চিড়ি ও হারাবতী নদী পুনঃখনন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৬ জুন ২০২২ খ্রিঃ
সভার সময়	বেলা ১২ঃ৪৫ ঘটিকা
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর প্রকল্প পরিচালককে প্রকল্পের সার্বিক বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হলে তিনি সভাকে প্রকল্পের পরিচিতি ও উদ্দেশ্য সম্পর্কে অবহিত করেন। তিনি জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৩৬৪৭.৪৪ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল মার্চ ২০১৯ হতে জুন, ২০২২ পর্যন্ত। অত:পর আলোচ্যসূচি অনুসারে বিভিন্ন বিষয় উপস্থাপন, আলোচনা ও নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

<table>
<tr><th>ক্র.নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১.</td><td>
ক. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি:
প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের বাস্তব অগ্রগতি ৯৯.৫০% এবং আর্থিক অগ্রগতি ৮৪.৯৩% এছাড়াও প্রকল্পের ১৫/০৬/২০২২ তারিখ পর্যন্ত অঙ্গভিত্তিক ব্যয় ও বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

খ. ত্রৈমাসিক কর্মপরিকল্পনা (Quarterly Work Plan) পযালোচনা:
নদী পুনঃখনন কাজের লক্ষ্যমাত্রা ধরা ছিল ৭.০০%

গ. কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি:
কর্মপরিকল্পনা অনুযায়ী অর্জন ৭.০০%

ঘ. চলতি অর্থবছরে ADP বরাদ্দ অগ্রগতি:
<table>
<tr><th>অঙ্গের নাম</th><th>বাস্তব</th><th>আর্থিক</th></tr>
<tr><td>নদী পুনঃখনন</td><td>২৫.০০%</td><td>৫২.৯৬%</td></tr>
<tr><td>বাঁধ পুনরাকৃতিকরণ</td><td>৮.০০%</td><td>৫৮.৩১%</td></tr>
<tr><td>সমগ্র প্রকল্প</td><td>২৭.৫০%</td><td>৫৩.৫৪%</td></tr>
</table>
প্রকল্পটির মেয়াদ জুন/২০২২ মাসে সমাপ্তির জন্য নির্ধারিত থাকায় এবং তদানুযায়ী প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি সন্তোষজনক হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।
</td><td>
ক. দ্রুত টাস্কফোরর্সের মেজারমেন্ট শেষ করে সকল প্যাকেজের কাজ সমাপ্ত করতে হবে।
খ. জুন/২০২২ মাসের মধ্যে সমাপ্তকৃত সকল কাজের বিল পরিশোধ করতে হবে।

গ. প্রকল্প সমাপ্তির পর উদ্দেশ্য বাস্তবায়ন হবে কিনা এ বিষয়ে একটি Impact Assessment করে প্রতিবেদন প্রদান করতে হবে।
</td><td>প্রকল্প পরিচালক/ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।</td></tr>
</table>

২.	**পূর্ববর্তী সভার সিদ্ধান্ত প্রতিপালন:** ক. প্রকল্পের ১৪ টি পূর্ত কাজের প্যাকেজের মধ্যে সকল প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং একটি প্যাকেজের ফিনিশিং (প্যাকেজ নং-১৪) কাজ শেষ পর্যায়ে রয়েছে। প্রকল্পের সার্বিক অগ্রগতি প্রায় ৯৯.৫০%। খ. গত ৩০/০৪/২০২২ খ্রিঃ তারিখে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট-২ অনুবিভাগের স্মারক নং- ০৭.০০.০০০০.১১৯.১৪.০৩৩.২১/১৫৬ মোতাবেক প্রকল্পভুক্ত জীপ গাড়িটি ক্রয়ের নিমিত্ত সম্মতি প্রদান করা হয়েছে। তারই আলোকে যাবতীয় দরপত্র কার্যক্রম ও বিধি বিধান অনুসরণপূর্বক ইতিমধ্যে গাড়িটি ক্রয় করা হয়েছে।	প্রকল্পের মেয়াদ শেষে ক্রয়কৃত গাড়ী বিধিমোতাবেক সমর্পণ করতে হবে।	প্রকল্প পরিচালক/ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩.	**বৃক্ষরোপণ ও বনায়ন অগ্রগতি:** প্রকল্পের অন্তর্ভুক্ত JOY-W-16/2021-22 প্যাকেজ এর আওতায় তুলশীগঙ্গা নদীর বামতীর বন্যা নিয়ন্ত্রন বাঁধের ঢালে ৭৭৭ টি বিভিন্ন প্রজাতির বৃক্ষ রোপণের পরিকল্পনা রয়েছে।	বর্তমান বর্ষা মৌসুমে বৃক্ষরোপণ সমাপ্ত করতে হবে। রোপিত গাছ নিয়মিত দেখাশুনা ও রক্ষণাবেক্ষণ করতে হবে।	প্রকল্প পরিচালক/ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪.	**প্রকল্পের সমস্যা ও সমাধান:** **সমস্যা** — খননকৃত মাটি নিলামকরণ করা হলেও অনেক জায়গায় আগ্রহী ক্রেতা না পাওয়া। **সমাধান প্রস্তাব** — যেসব জায়গায় আগ্রহী ক্রেতা পাওয়া যায়নি সেসব স্থানের মাটি স্ব স্ব জমির মালিক কর্তৃক ভূমি উন্নয়ন কাজে ব্যবহার এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজে ব্যবহারের অনুমতি প্রদান।	নিলামকৃত মাটি বিক্রয় না হলে সেসব মাটি স্থানীয় ভূমি মালিকের ভূমি উন্নয়ন কাজে ব্যবহার এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজে ব্যবহার করতে হবে।	প্রকল্প পরিচালক/ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৭.১৪.০০৬.১৯.১২৭/১

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯
০৬ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) সচিব, পরিকল্পনা বিভাগ
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৬) জনাব মোঃ জহিরুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর) এর দপ্তর, উত্তর পশ্চিমাঞ্চল, রাজশাহী।
১৭) উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, “জয়পুরহাট জেলার তুলশী গঙ্গা, ছোট যমুনা, চিড়ি ও হারাবতী নদী পুন:খনন” শীর্ষক প্রকল্প, বাপাউবো, রাজশাহী।
২১) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২২) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৫ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
২৫) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

মোহাম্মদ মাশহুদুল কবীর
উপসচিব